

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : চতুর্থ

বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১৫ × ২ = ৩০

- ক) মুসলিম জনগোষ্ঠীর নাম কী ?
খ) কোথায় জুম চাষ করা হয় ?
গ) চাকমাদের প্রধান ধর্মীয় উৎসব কী ?
ঘ) সুস্থ ও সুন্দর জীবনযাপনের জন্য যেসব অধিকার অপরিহার্য সেগুলোকে কী বলে ?
ঙ) নাগরিক অধিকার নাগরিকদের কী ধরনের জীবনযাপনে সহায়তা করে ?
চ) আমাদের সমাজ জীবন নানাভাবে কিসের উপর নির্ভরশীল ?
ছ) আমাদের দেশের দক্ষিণ এলাকার ভূমি কেমন ?
জ) সমাজের মানুষের মধ্যে কী রয়েছে ?
ঝ) কোথায় নারী-পুরুষকে সমান চোখে দেখা হয় না ?
ঞ) 'ল্যাব্রে' উৎসব পালন করে কারা ?
ট) 'ল্যাব্রে' শব্দের অর্থ কী ?
ঠ) চাকমাদের প্রধান ধর্মীয় উৎসব কী ?
ড) রাজনৈতিক অধিকার আমাদেরকে কোন সুযোগ করে দেয় ?
ঢ) চিকিৎসার প্রয়োজন হয় কখন ?
ণ) সম্পদ প্রধানত কয় প্রকার ?

২। শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি)

১২ × ১ = ১২

- ক) বিদ্যালয় পরিবেশের উপাদান।
খ) অটিস্টিক শিশুরা নাম ধরে ডাকলে দেয় না।
গ) চাকমারা কাঠ ও বাঁশ দিয়ে মতো ঘর তৈরি করেন।
ঘ) অর্থনৈতিক অধিকার আমাদেরকে সুযোগ করে দেয়।
ঙ) মাঝিরা চালান।
চ) আমরা একজন আরেকজনের মতের প্রতি হব।
ছ) সামাজিক গুণাবলি সমাজে সৃষ্টি করে।
জ) এলাকায় নিরাপদ পানির ব্যবস্থা না থাকলে মানুষের হয়।
ঝ) হোয়াংহো নদী দেশে অবস্থিত।
ঞ) বৃক্ষ সুন্দরবনের প্রধান বৃক্ষ।
ট) এশিয়া পৃথিবীর অবস্থিত।

ঠ) বাংলাদেশের বেড়েই চলেছে।

ড) প্রাচীন বাংলায় কাপড় বুনতে কারিগররা ব্যবহার করে।

ঢ) মুজিবনগর সরকারে প্রথম সফলতা ছিল গঠন।

৩। বামপাশের কথাগুলোর সাথে ডানপাশের কথাগুলো মিল করে খাতায় লিখ: $৫ \times ২ = ১০$

বামপাশ	ডানপাশ
ক) সামাজিক গুণাবলি ছাড়াও মানুষের	সামাজিক গুণ বলে।
খ) সত্যবাদিতা একটি	ও সামাজিক গুণ প্রয়োজন।
গ) সমাজের সদস্যদের ভালো আচরণকে	এটি মন্দ কাজ।
ঘ) সুন্দর জীবনযাপনের জন্য নৈতিক	চলতে সাহায্য করে।
ঙ) কারো মনে কষ্ট দেওয়া উচিত নয়, কারণ	নৈতিক গুণ আছে।
	থাকা প্রয়োজন।
	নৈতিক গুণ।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ : (যেকোনো ৮টি)

$৬ \times ৮ = ৪৮$

ক) অন্যকে মত প্রকাশের সুযোগ দেওয়া এবং তাদের মতামতের প্রতি শ্রদ্ধা দেখানোকে কী বলে? এটি কোন ধরনের গুণের মধ্যে পড়ে? এ গুণ সম্পর্কিত তিনটি বাক্য লেখ।

খ) ক্লাসে তোমার পাশে তোমার এক বন্ধু বসেছে। দূরে বোর্ডের লেখা ঠিকমতো পড়তে পারছে না। তোমার বন্ধুটিকে কোন ধরনের শিশু বলা যায়? এ ধরনের শিশুদের সাহায্য করার জন্য তোমার করণীয় চারটি কাজ লেখ।

গ) গোপাল কে ছিলেন এবং তিনি কীভাবে রাজা পদে অধিষ্ঠিত হন তা চার বাক্যে লেখ।

ঘ) সমাজের সদস্যদের ভালো আচরণকে কোন গুণাবলি বলে? এ ধরনের আরও চারটি গুণাবলির তালিকা তৈরি করো।

ঙ) তোমার মা হঠাৎ অসুস্থ হয়ে পড়ায় তোমার বাবা তাকে হাসপাতালে নিয়ে গেল। হাসপাতাল কোন ধরনের সম্পদ? সমাজ জীবনে নানা রকম প্রয়োজন মেটানোর জন্য মানুষ যেসব সম্পদ গড়ে তোলে তাকে কোন ধরনের সম্পদ বলে? এ ধরনের তিনটি সম্পদের নাম লিখ।

চ) একটু অসচেতনতার কারণেই বাড়িতে আগুন লাগতে পারে। তাই বাড়িতে অগ্নি নির্বাপনের জন্য তোমার ৫টি পদক্ষেপ লিখ।

ছ) ধর্মীয় কারণে দেশে জনসংখ্যা বৃদ্ধি পায়। এ সম্পর্কে ৫টি বাক্য লিখ।

জ) মিত্র একটি অনুষ্ঠানে সেতুকে কেব কাটতে দেখে। কেব কাটার অনুষ্ঠানকে কী বলে? আমাদের দেশের চারটি আচার-অনুষ্ঠানের নাম লিখ।

ঝ) রাষ্ট্রের নাগরিক রাষ্ট্রের কাছ থেকে পায় এমন যেকোনো তিনটি সুবিধার নাম লিখ। নাগরিকের পাওয়া এসব সুযোগ সুবিধা পূরণ করা কার দায়িত্ব?

ঞ) মনেকর, তোমার বাড়ি উত্তরবঙ্গের রংপুর জেলায়। খুলনা জেলার প্রাকৃতিক পরিবেশের সাথে তোমার জেলার পার্থক্য কেমন হবে লিখ।